রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৩১, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কৃষি মন্ত্রণালয়**

**কৃষি বিভাগ**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৫ই পৌষ, ১৩৯৪/৩১শে ডিসেম্বর, ১৯৮৭**

**নং এস,আর,ও ৩১১-আইন/৮৭।**—Ground Water Management Ordinance, 1985 (XXVII of 1985) এর Section 12 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন :—

১। **সংক্ষিপ্ত শিরোনামা।**—এই বিধিমালা ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ১৯৮৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অধ্যাদেশ" অর্থ Ground Water Management Ordinance, 1985 (XXVII of 1985);

(খ) "আহ্বায়ক" অর্থ কমিটির আহ্বায়ক;

(গ) "কমিটি" অর্থ বিধি ৩ এর অধীন গঠিত উপজেলা সেচ কমিটি;

(ঘ) "চেয়ারম্যান" অর্থ সংশ্লিষ্ট পরিষদের চেয়ারম্যান;

(ঙ) "তফসিল" অর্থ বিধিমালার সহিত সংযুক্ত তফসিল;

(চ) "ধারা" অর্থ অধ্যাদেশের কোন Section;

(ছ) "পরিষদ" অর্থ সংশ্লিষ্ট উপজেলা পরিষদ;

(জ) "ফরম" অর্থ তফসিল ২-এ বিধৃত কোন ফরম;

(ঝ) "বিদ্যমান নলকূপ" অর্থ অধ্যাদেশ প্রবর্তনের তারিখের পূর্ব হইতে বিদ্যমান নলকূপ;

(ঞ) "সচিব" অর্থ কমিটির সচিব;



মূল্য : ১০ পয়সা

৩। **উপজেলা সেচ কমিটি।**—(১) প্রতিটি উপজেলায় নিম্নোক্ত সদস্যগণ সমন্বয়ে একটি উপজেলা সেচ কমিটি গঠিত হইবে যথা :—

(ক) উপজেলা কৃষি কর্মকর্তা;

(খ) উপজেলা প্রকৌশলী;

(গ) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা;

(ঘ) উপজেলার দায়িত্বে নিয়োজিত বাংলাদেশ কৃষি উন্নয়ন সংস্থার কর্মকর্তা, যিনি কমিটির সচিব হিসাবেও দায়িত্ব পালন করিবেন।

(২) চেয়ারম্যান একজন সদস্যকে কমিটির আহবায়ক হিসাবে নিযুক্ত করিবেন।

(৩) আহবায়ক কমিটিতে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করিতে পারিবেন।

৪। **নলকূপের জন্য দরখাস্ত।**—(১) একটি গভীর নলকূপ অথবা অগভীর নলকূপের লাইসেন্স প্রাপ্তির জন্য ধারা ৫(২) এর অধীন আবেদনের উদ্দেশ্যে, সেচ কাজে নলকূপ ব্যবহারের ক্ষেত্রে, ফরম 'ক' তে অথবা, সেচকার্য ব্যতীত অন্য কোন কাজে ব্যবহারের ক্ষেত্রে, সাদা কাগজে পরিষদের নিকট আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(২) ব্যবহারের উদ্দেশ্য নির্বিশেষে উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করিতে হইবে; যথা :—

(ক) নিম্নোক্ত বিষয়গুলি দেখাইয়া সংশ্লিষ্ট মৌজা বা, ক্ষেত্রমত, মৌজাসমূহের খসড়া নকসার দুইটি অনুলিপি :—

(অ) নলকূপ খনন স্থানের পার্শ্ববর্তী এলাকায় নদী, খাল ও বিলের অবস্থান;

(আ) নলকূপ খননের প্রস্তাবিত স্থানের সুনির্দিষ্ট অবস্থান;

(ই) মৌজায় স্থাপিত নলকূপের (গভীর বা অগভীর) অবস্থান;

(ঈ) প্রস্তাবিত নলকূপ সেচ কার্যে ব্যবহারের ক্ষেত্রে, প্রস্তাবিত সেচ এলাকা;

(খ) পরিষদ কর্তৃক নির্দেশিত হিসাবের খাতে পরিষদের অনুকূলে নিম্নোক্ত পরিমাণ অফেরতযোগ্য ফি জমাদানের রশিদ :—

(অ) গভীর নলকূপের জন্য ১০০·০০ টাকা;

(আ) অগভীর নলকূপের জন্য ২৫·০০ টাকা।

(৩) একাধিক ব্যক্তি যৌথভাবে নলকূপ ব্যবহার করিতে চাহিলে, তাহারা তাহাদের মধ্য হইতে একজনকে, এই বিধির অধীন কোন আবেদনপত্র দাখিলের উদ্দেশ্যে, আবেদন করিবার কর্তৃত্ব অর্পণ করিবেন এবং আবেদনপত্রের সহিত অনুরূপ কর্তৃত্ব অর্পণের একটি প্রমাণপত্র দাখিল করিবেন।

(৪) উপ-বিধি (১) এ উল্লিখিত ফরম বিনামূল্যে সচিবের নিকট হইতে পাওয়া যাইবে।

(৫) সাকসান লিফট হস্তচালিত পাম্প বা ডিপসেট হস্তচালিত পাম্পের লাইসেন্সের জন্য উক্ত নলকূপ ব্যবহারের উদ্দেশ্যে এবং প্রস্তাবিত খনন স্থানের পূর্ণ বিবরণসহ সাদা কাগজে আবেদন করিতে হইবে।

৫। **আবেদনপত্র প্রাপ্তির পর অনুসরণীয় নিয়মাবলী।**—(১) বিধি ৪(১) এর অধীন দাখিলকৃত আবেদনপত্রের ব্যাপারে স্থানীয়ভাবে তদন্তের উদ্দেশ্যে, পরিষদ আবেদনপত্রটি, উহা দাখিলের এক সপ্তাহের মধ্যে, কমিটির নিকট প্রেরণ করিবে।

(২) কমিটি, তদন্ত অনুষ্ঠানের ব্যাপারে আবেদনকারীকে অবহিত করিয়া, স্থানীয়ভাবে তদন্ত করিবে এবং আবেদনপত্রে বর্ণিত তথ্যাদি সম্পর্কে সন্তুষ্ট হইলে, নিম্নোক্ত বিষয়াবলীর আলোকে আবেদনপত্রটি বিবেচনা করিবেন, যথাঃ—

(ক) নলকূপ খনন স্থানের ভূগর্ভস্থ মৃত্তিকা স্তরের অবস্থা;

(খ) নিকটস্থ অন্যান্য নলকূপের দূরত্ব;

(গ) নলকূপ স্থাপনের ফলে সম্ভাব্য উপকৃত এলাকার পরিমাণ;

(ঘ) গার্হস্থ্য উদ্দেশ্যে ব্যবহৃত নলকূপসহ নিকটস্থ অন্যান্য নলকূপের উপর সম্ভাব্য প্রভাব;

(ঙ) তফসিল-১ এ বর্ণিত শর্তাবলীর আলোকে নলকূপ খনন স্থানের উপযুক্ততা।

(৩) কমিটি, তৎকর্তৃক স্থানীয় তদন্ত সম্পাদনের নির্দেশ প্রাপ্তির তারিখ হইতে দুই সপ্তাহের মধ্যে, উপ-বিধি (২) এ উল্লেখিত প্রতিটি বিষয়ের উপরে উহার সুনির্দিষ্ট মন্তব্য ও উহার সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন পরিষদের নিকট দাখিল করিবে।

(৪) কমিটি কোন লাইসেন্স প্রদানের সুপারিশ করিলে, যে সকল শর্তাধীনে উহা প্রদান করা উচিত তাহাও উহার প্রতিবেদনে উল্লেখ করিবে।

(৫) বিধি ৪(৫) এর অধীন দাখিলকৃত আবেদনপত্রের ক্ষেত্রে কোন তদন্তের প্রয়োজন হইবেনা, এবং এইরূপ আবেদনপত্র, উহা দাখিলের পর, পরিষদের অব্যবহিত পরবর্তী সভায় বিবেচনার জন্য পেশ করিতে হইবে।

৬। **নলকূপের আওতাধীন ন্যূনতম এলাকা।**—সেচ কার্যে ব্যবহার্য কোন নলকূপের প্রস্তাবিত সেচ এলাকার পরিমাণ নিম্নবর্ণিত পরিমাণ অপেক্ষা কম হইলে, কমিটি সংশ্লিষ্ট আবেদনপত্র অনুমোদনের সুপারিশ করিবে না, যথা ঃ—

(ক) গভীর নলকূপের ক্ষেত্রে, ৬০ একর;

(খ) অগভীর নলকূপের ক্ষেত্রে, ১৫ একর।

৭। **লাইসেন্স প্রদান।**—(১) বিধি ৪ এর অধীন দাখিলকৃত কোন আবেদনপত্র অথবা, ক্ষেত্রমত, আবেদনপত্র ও তৎসম্পর্কে বিধি ৫ এর অধীন তদন্ত প্রতিবেদন বিবেচনান্তে পরিষদ যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে,—

(ক) আবেদনকৃত নলকূপটি স্থাপনের ফলে সংশ্লিষ্ট এলাকা উপকৃত হইবে;

(খ) নলকূপটি স্থাপনের ফলে পার্শ্ববর্তী এলাকার কোন বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হইবে না; এবং

(গ) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়দৃষ্টে নলকূপটি স্থাপনযোগ্য;

তাহা হইলে উহা স্থাপনের জন্য লাইসেন্স প্রদান করা যাইতে পারে।

(২) উপ-বিধি (১) এর অধীনে লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইলে, পরিষদ কর্তৃক স্বীকৃত হিসাবের খাতে পরিষদের অনুকূলে নিম্নে উল্লেখিত হারে ফি জমা পাইবার পর সচিব ফরম 'খ' তে লাইসেন্স প্রদান করিবেন, যথা:—

(ক) গভীর নলকূপ ... ২০০'০০ টাকা

(খ) অগভীর নলকূপ ... ৫০'০০ টাকা

(গ) সাকসান লিফট/অথবা ডিপসেট হস্তচালিত পাম্প ... ১০'০০ টাকা

৮। লাইসেন্সের আবেদন প্রত্যাখ্যান।—(১) বিধি ৪ এর অধীন কোন আবেদনপত্র বিবেচনান্তে পরিষদ যদি এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করে যে, জনস্বার্থে বা অন্যবিধ কারণে প্রার্থীত লাইসেন্স প্রদান করা সঙ্গত হইবে না, তাহা হইলে উহা, এইরূপ সিদ্ধান্ত গ্রহণের যৌক্তিকতা লিপিবদ্ধ করিয়া, উক্ত আবেদন প্রত্যাখ্যান করিতে পারে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রত্যাখ্যানের কারণেই পুনরায় আবেদনপত্র দাখিল করিবার জন্য সংশ্লিষ্ট আবেদনকারীর অধিকার ক্ষুণ্ণ হইবে না।

৯। পুনর্বিবেচনা।—(১) পরিষদ কর্তৃক বিধি ৮ এর অধীন গৃহীত সিদ্ধান্তের ফলে সংক্ষুব্ধ কোন ব্যক্তি উক্ত সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য চেয়ারম্যানের নিকট লিখিতভাবে আবেদন করিতে পারিবেন।

(২) যে সকল বিষয় পরিষদ কর্তৃক বিবেচিত হওয়া উচিৎ ছিল অথচ যাহা তৎকর্তৃক বিবেচিত হয় নাই এবং অন্যান্য বিষয়াদি, যাহার ভিত্তিতে লাইসেন্স প্রদান করা যায় বলিয়া আবেদনকারী মনে করেন, তিনি সেই সকল বিষয় সংক্ষিপ্তভাবে উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রে উল্লেখ করিবেন।

(৩) পরিষদ কর্তৃক স্বীকৃত হিসাবের খাতেও পরিষদের অনুকূলে বিধি ৪(২)(খ)তে নির্ধারিত ফিসের অর্ধেক পরিমাণ ফিসসহ আবেদন করা না হইলে, চেয়ারম্যান উপ-বিধি (১) এর অধীন কোন আবেদনপত্র বিবেচনা করিবেন না।

(৪) এই বিধির অধীনে কোন আবেদনপত্রের ব্যাপারে চেয়ারম্যানের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে এবং তৎসম্পর্কে অন্য কোন কর্তৃপক্ষের নিকটে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবেনা।

১০। লাইসেন্সের মেয়াদ, ইত্যাদি।—(১) বিধি ৭ এর অধীনে প্রদত্ত কোন লাইসেন্স উহার মেয়াদ অতিক্রান্ত হইবার পূর্বেই বাতিল করা না হইলে, উহা প্রদান অথবা ক্ষেত্রমত নবায়নের তারিখ হইতে, নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে, তিন বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে, যথা:—

(ক) যে উদ্দেশ্যে লাইসেন্স প্রদান করা হইয়াছে কেবলমাত্র সে উদ্দেশ্যেই নলকূপ ব্যবহার করিতে পারিবে;

(খ) নলকূপ স্থাপনের তারিখের ৭ দিনের মধ্যে স্থাপনের তারিখ কমিটিকে অবহিত করিতে হইবে;

(গ) পরিষদের পূর্বানুমতি ব্যতিরেকে নলকূপের স্থান পরিবর্তন বা অন্য কোনভাবে উহা স্থানান্তর করা যাইবেনা।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত শর্তাবলী লাইসেন্সে লিপিবদ্ধ করিতে হইবে।

১১। **লাইসেন্স নবায়ন।**—(১) লাইসেন্সের মেয়াদ অতিক্রান্ত হওয়ার কমপক্ষে ৩০ দিন পূর্বে ফরম 'গ'তে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে; এবং উহার সহিত বিধি ৪(২) 'খ'তে নির্ধারিত পদ্ধতিতে ও উক্ত বিধিতে নির্ধারিত ফিসের অর্ধেক ফিস জমা দিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুসারে লাইসেন্স নবায়নের আবেদনপত্র দাখিল করিতে বিলম্ব হইলে, বিধি ৪(২) 'খ'তে নির্ধারিত ফিসের অর্ধেক ফিস ছাড়াও, প্রতি মাস বা উহার অংশ বিশেষের বিলম্বের জন্য, দন্ড স্বরূপ, গভীর নলকূপের ক্ষেত্রে, ৫০.০০ টাকা এবং অপর যে কোন নলকূপের ক্ষেত্রে ২০.০০ টাকা জমা দিতে হইবে, অন্যথায় এইরূপ আবেদনপত্র গ্রহণ-যোগ্য হইবেনা।

(৩) এই বিধির অধীনে আবেদনপত্র দাখিলের পর, কোন লাইসেন্স নবায়নের বা অন্যবিধ সিদ্ধান্ত প্রদান না করা পর্যন্ত, নলকূপটি চালু রাখা যাইবে।

১২। **বিদ্যমান নলকূপ।**—(১) বিদ্যমান নলকূপের লাইসেন্সের জন্য উহার মালিক বা ক্ষেত্রমত ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি, অধ্যাদেশ প্রবর্তনের তারিখ হইতে ৬ মাস অতিক্রান্ত হইবার পূর্বেই, উক্ত নলকূপের অবস্থান ও নলকূপ সম্পর্কিত অন্যান্য তথ্যাদি উল্লেখ পূর্বক সাদা কাগজে আবেদন করিবেনঃ তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানের জন্য প্রয়োজনীয় তথ্যাদির ঘাটতি থাকিলে, উহা উপস্থাপন করিবার জন্য পরিষদ আবেদনকারীকে নির্দেশ দিতে পারে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রের সহিত বিধি ৪(২) 'খ'তে নির্ধারিত ফিস উহাতে নির্ধারিত পদ্ধতিতে জমা দিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর, পরিষদ বিধি ৭(২) এর বিধানানুসারে বিদ্যমান নলকূপের লাইসেন্স প্রদান করিবে।

(৪) কোন বিদ্যমান নলকূপের লাইসেন্সের জন্য এই বিধির অধীনে আবেদন করা হইলে, অধ্যাদেশ প্রবর্তনের তারিখ হইতে ৬ মাস অতিক্রান্ত হইবার পরেও, নলকূপ চালু রাখা যাইবে।

১৩। **লাইসেন্স স্থগিতকরণ।**—(১) কোন নলকূপ চালানোর ক্ষেত্রে সংশ্লিষ্ট লাইসেন্সের কোন শর্ত লংঘিত হইয়াছে বা হইতেছে মর্মে সন্তুষ্ট হইলে, কমিটি, পরিষদকে অবহিত করিয়া, লিখিতভাবে উক্ত লাইসেন্সের কার্যকারিতা স্থগিতের নির্দেশ দিতে পারে।

(২) কোন লাইসেন্স স্থগিতের ব্যাপারে অবহিত হইবার পর পরিষদ অবিলম্বে সংশ্লিষ্ট নলকূপের মালিককে, নোটিশ জারীর তিন দিনের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের নির্দেশ-সহ, এই মর্মে একটি কারণ দর্শানোর নোটিশ প্রদান করিবে যে, কেন উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত স্থগিত আদেশটি বহাল রাখা হইবেনা।

(৩) পরিষদ, স্থগিত আদেশ প্রদানের ১৫ দিনের মধ্যে, লাইসেন্সধারী কর্তৃক প্রদত্ত কোন ব্যাখ্যা (যদি পাওয়া যায়) ও লাইসেন্স বাতিলের কারণসমূহ বিবেচনাক্রমে স্থগিত আদেশটি বহাল বা বাতিল করিবেন।

(৪) লাইসেন্স স্থগিতের আদেশ বহাল করা হইলে, উহার ফলে সংক্ষুব্ধ কোন ব্যক্তি বিষয়টি পুনর্বিবেচনার জন্য চেয়ারম্যানের নিকট আবেদন করিতে পারেন, এবং এইরূপ আবেদনের ব্যাপারে চেয়ারম্যানের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে এবং তৎসম্পর্কে অন্য কোন কর্তৃপক্ষের নিকট কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

১৪। **লাইসেন্স বাতিলকরণ।**—(১) কোন লাইসেন্সের কোন শর্ত লংঘনের ব্যাপারে কমিটি কোন তথ্য পাইলে, উহা অবিলম্বে তৎসম্পর্কে তদন্ত করিয়া পরিষদের নিকট একটি প্রতিবেদন পেশ করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন পেশকৃত প্রতিবেদন প্রাপ্তির পর, পরিষদ, প্রয়োজন মনে করিলে, লাইসেন্সধারীকে কেন তাহার লাইসেন্স বাতিল করা হইবে না এই মর্মে একটি কারণ দর্শানোর নোটিশ প্রদান করিবে। উক্ত নোটিশে লাইসেন্স বাতিলের জন্য তাহার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের জবাব দাখিলের সময়সীমা এবং লাইসেন্সধারী এইরূপে অভিযোগ সম্পর্কে তাহার বক্তব্য ব্যক্তিগতভাবে উপস্থাপন করিতে চাহেন কিনা তাহাও, উল্লেখ করতে হইবে।

(৩) লাইসেন্সধারী কর্তৃক প্রদত্ত লিখিত, ব্যক্তিগত অথবা উভয়বিধ বক্তব্য বিবেচনার পর, পরিষদ লাইসেন্স বাতিল করিতে পারিবে।

(৪) উপ-বিধি (১) এর অধীন পেশকৃত কোন প্রতিবেদনে যদি দেখা যায় যে, বিগত এক বৎসরের মধ্যে কোন লাইসেন্স অন্ততঃ তিনবার স্থগিত করা হইয়াছে, তাহা হইলে পরিষদ, লাইসেন্সধারীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান করিয়া, উক্ত লাইসেন্স বাতিল করিতে পারে।

## তফসিল—১

(বিধি ৫(২)'ঙ' দ্রষ্টব্য)

(নলকূপ খননের স্থান নির্বাচনের শর্তাবলী)

১। মৃত্তিকাঃ ইরি অথবা মেক্সিকান গম চাষের উপযোগী মৃত্তিকা বিশিষ্ট জমিকে অগ্রাধিকার প্রদান করা হইবে।

২। স্থায়ী নদী হইতে দূরত্বঃ সর্বদা প্রবহমান নদী হইতে নলকূপ খননের স্থান অন্ততঃ পোনে এক মাইল দূরে অবস্থিত হইবে।

৩। ভূ-প্রকৃতিঃ নলকূপ খননের স্থানটি এইরূপে নির্বাচিত হইবে যাহাতে নলকূপের প্লাটফরমটি বন্যার সময় পানির সচরাচর সর্বোচ্চ স্তর অপেক্ষা উঁচু স্থানে থাকে।

৪। সেচের পানি বন্টনঃ নলকূপ খননের স্থানটি এইরূপে নির্বাচিত হইবে যাহাতে সেচের পানি অন্ততঃ দুইদিকে বিতরণ করা যায়।

৫। দুইটি নলকূপের পারস্পরিক ন্যূনতম দূরত্ব নিম্নরূপ হইবে, যথাঃ—

(ক) দুইটি গভীর নলকূপের মধ্যে ... ২,৫০০ ফুট।

(খ) একটি গভীর নলকূপ ও একটি অগভীর নলকূপের মধ্যে ... ১,৭০০ ফুট।

(গ) দুইটি অগভীর নলকূপের মধ্যে ... ৮০০ ফুট।

## তফসিল ২

### ফরম-ক

(বিধি ৪(১) দ্রষ্টব্য)

(গভীর নলকূপ অথবা অগভীর নলকূপের লাইসেন্সের জন্য আবেদনপত্র)

উপজেলা..........................................

| |
|---|
| (শুধুমাত্র অফিসের কাজে ব্যবহার্য) |
| ক্রমিক নং...........................গভীর/অগভীর নলকূপ |
| (সাইজ.............) |
| দরখাস্ত গ্রহণের তারিখ.......................................... |
| স্বাক্ষর.......................................... |
| (বিঃ দ্রঃ প্রার্থীত নলকূপের বিপরীতে টিক চিহ্ন (√) প্রদান করিতে হইবে)। |

১। আবেদনকারীর নাম..........................................

(ক) আবেদনকারী একক ব্যক্তি হইলে তাহার নাম..........................

(খ) আবেদনকারী সমবায় সমিতি হইলে—

(অ) সমিতির নাম ও রেজিস্ট্রেশন নম্বর..........................

..........................................

(আ) আবেদন করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম..........................

..........................................

(প্রতিনিধিত্ব করিবার ক্ষমতাপত্র আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে)

(গ) আবেদনকারী একটি গোষ্ঠী হইলে—

(অ) গোষ্ঠীর নাম (যদি থাকে)..........................

..........................................

(আ) আবেদন করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম..........................

..........................................

..........................................

(প্রতিনিধিত্ব করিবার ক্ষমতাপত্র আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে)

২। আবেদনকারীর ঠিকানা..............................................................

৩। প্রার্থীত নলকূপের শ্রেণী..............................................................

৪। নলকূপের দ্বারা সম্ভাব্য উপকৃত এলাকা এবং তথ্যাদি..............................................................

..............................................................

(ক্রমিক নং ৪ এর বিপরীতে তথ্যাদি প্রদানের জন্য প্রয়োজনবোধে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইতে পারে)।

৫। নলকূপ স্থাপনের প্রস্তাবিত স্থান..............................................................

..............................................................

(মৌজার নাম, জে, এল, নম্বর, খতিয়ান ও দাগ নম্বর উল্লেখ করিতে হইবে)।

৬। প্রস্তাবিত স্থান হইতে নিকটবর্তী গভীর/অগভীর নলকূপের দূরত্ব এবং জানা থাকিলে উক্ত নলকূপের অন্যান্য তথ্যাদি..............................................................

..............................................................

৭। লাইসেন্স প্রদানের জন্য কোন বিশেষ বিবেচনা, যদি থাকে..............................................................

৮। দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা

(১)

(২)

(৩)

(৪)

(৫)

(৬)

তারিখ.................... আবেদনকারী স্বাক্ষর

**ফরম-খ**

**(বিধি ৭(২) দ্রষ্টব্য)**

**নলকূপের লাইসেন্স ফরম**

উপজেলা............................ তারিখ............................

লাইসেন্স নং............................ নলকূপের শ্রেণী............................

সাইজ............................

জনাব/জনাবা............................/............................সমবায় সমিতির পক্ষে জনাব/জনাবা............................, পিতা............................, গ্রাম............................, ইউনিয়ন পরিষদ............................ ডাকঘর............................কে, মৌজা............................, জে, এল, নং............................ এর খতিয়ান নং............................, দাগ নং............................তে নিম্নোক্ত শর্তে নলকূপ স্থাপনের জন্য লাইসেন্স অনুমোদন করা হইল:—

(১) নলকূপটি সেচ কাজে/গার্হস্থ্য কাজে/............................কাজে (অপ্রয়োজ্যটি কর্তন করিতে হইবে) ছাড়া অন্য কাজে ব্যবহার করা যাইবে না।

(২) নলকূপ স্থাপনের ৭ দিনের মধ্যে স্থাপনের তারিখ কমিটিতে জানাইতে হইবে।

(৩) উপজেলা পরিষদের অনুমতি ব্যতিরেকে নলকূপের স্থান পরিবর্তন বা অন্য কোন ভাবে উহা স্থানান্তর করা যাইবে না।

(স্বাক্ষর)

সচিব,
উপজেলা সেচ কমিটি।

**নবায়ন**

| নবায়নের স্থিতিকাল | স্বাক্ষর ও তারিখ (সীলসহ) |
|---|---|
| | |
| | |
| | |
| | |
| | |
| | |

ফরম-গ

(বিধি ১১(১) দ্রষ্টব্য)

নলকূপের লাইসেন্স নবায়নের আবেদনপত্রের ফরম

লাইসেন্স নং.......................................তারিখ...................................এর নবায়নের জন্য আবেদন পত্র।

১। আবেদনকারীর নাম...................................................................

২। নলকূপের শ্রেণী...................................................................

৩। কোন সময় লাইসেন্স স্থগিত করা হইয়া থাকিলে, সংক্ষেপে সংশ্লিষ্ট তথ্য..........
.......................................................................................
.......................................................................................
.......................................................................................

৪। বিগত মৌসুমে নলকূপ দ্বারা উপকৃত এলাকার বিবরণ..................................
.......................................................................................

৫। বিগত মৌসুমে নলকূপ অব্যবহৃত থাকিলে উহার মেয়াদ ও কারণ.......................
.......................................................................................
.......................................................................................

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ আবদুল হাকিম
যুগ্ম-সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।